বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

গাজীপুর।

বিষয়ঃ ২০১৭-১৮ অর্থবছরে বাস্তবায়িতব্য ব্রি'র এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব/অনুন্নয়ন কর্মসূচিসমূহের মে/১৮ মাস পর্যন্ত অগ্রগতির পর্যালোচনা সভার কার্যবিবরণী।

২০১৭-১৮ অর্থ বছরে বাস্তবায়িতব্য ব্রি'র উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব/অনুন্নয়ন কর্মসূচিসমূহের মে/১৮ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ২১/০৬/২০১৮ তারিখে ব্রি'র সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহাপরিচালক ড. মোঃ শাহজাহান কবীর। সভায় উপস্থিত অন্যান্য কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশিত হলো।

২. উপস্থাপনঃ

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রধান পরিকল্পনা কর্মকর্তা জনাব মুঃ মুনিরুল ইসলাম সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

৩. বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণঃ

গত ২৭/০৫/২০১৮ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়। উক্ত কার্যবিবরণীতে সভায় উপস্থিত কর্মকর্তাদের কারো কোন দ্বিমত/মন্তব্য/সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়।

৪. বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ

৪.১ প্রধান ও আঞ্চলিক কার্যালয়ের সকল নির্মাণ কাজ ও পণ্য সংগ্রহ মানসম্পন্নভাবে সমাপ্ত করে এডিপি বাস্তবায়ন অগ্রগতি শতভাগ নিশ্চিত করতে মহাপরিচালক মহোদয় আবারও নির্দেশ প্রদান করেন। এছাড়া নির্মাণ কাজ ও পণ্য সংগ্রহে প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক, মনিটরিং কমিটিসহ সংশ্লিষ্ট সকলকে আরও নিবিড় তদারকির মাধ্যমে কাজে গুণগত মান নিশ্চিতসহ দ্রুত সমাপ্ত করতে সকল প্রচেষ্টা অব্যাহত রাখার নির্দেশ প্রদান করে। এ লক্ষ্যে প্রধান কার্যালয়ের মনিটরিং টিমকে রাজশাহী এবং রংপুর আঞ্চলিক কার্যালয়ের কার্যক্রম অতি দ্রুত পরিদর্শন করতে মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন। এছাড়া স্পাইরা প্রকল্পের অধীনে নির্মাণাধীন কাজসমূহ বাস্তবায়নে জটিলতা নিরসনে জন্য গত ০৯/০৬/২০১৮ তারিখে পিআইসি সভা অনুষ্ঠিত হয়েছে বলে প্রকল্প পরিচালক সভাকে জানান।

৪.২ প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক স্থানীয় ধানের জাতসমূহ বিশেষত দক্ষিণাঞ্চলের বালাম, লক্ষ্মীদীঘা ও অন্যান্য স্থানীয় ধানের জাত যেমন- কৃষ্ণভোগ, রাণী সেলুট, বিরই, রাধুনী পাগল, টেপি বোরো, রাতা বোরোসহ বিভিন্ন স্থানীয় জাতের গবেষণা নিয়ে সভায় আলোচনা করা হয়। এ সকল স্থানীয় জাতসমূহের গবেষণা কার্যক্রম চলমান আছে বলে পরিচালক (গবেষণা) সভাকে জানান। এছাড়া সভায় গভীর পানিতে চাষাবাদ উপযোগী ধানের গবেষণা কাজে দায়িত্বপ্রাপ্ত বিজ্ঞানী ড. এ এস এম মাসুদুজ্জামানকে গোপালগঞ্জ ও বরিশাল অঞ্চলের লক্ষ্মীদীঘা, বাঁশিরাজ এবং সিলেট অঞ্চলের লালমোহন, হবিগঞ্জের দুধলাকি, ফুলকড়ি এবং সিরাজগঞ্জের সড়সড়িয়াসহ অন্যান্য স্থানীয় সংগ্রত্তোর জাতসমূহ নিয়ে আমন মওসুমে গবেষণার জন্য RYT স্থাপনের মাধ্যমে পিওর লাইন নির্বাচন করে নতুন জাত উদ্ভাবন করতে এবং গবেষণা পরিকল্পনা প্রস্তুতের জন্য সংশ্লিষ্ট বিজ্ঞানীকে মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন। এছাড়া প্রধান কার্যালয়ের গভীর পানিতে ধান উৎপাদন গবেষণার জন্য নির্ধারিত জায়গায় একটি সমন্বিত নির্মাণ/সংস্কার কাজ এবং গবেষণা কর্মপরিকল্পনা প্রস্তুতের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অতি দ্রুত পরিদর্শন করতে নির্দেশ প্রদান করেন।

৪.৩ প্রধানমন্ত্রীর চাহিদা মোতাবেক ধান চাষের সকল পর্যায়ে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন ও উন্নয়নের জন্য কৃষি যন্ত্রপাতি ও ফলনোত্তর প্রযুক্তি (এফএমপিএইচটি) বিভাগের কর্মপরিকল্পনা বাস্তবায়নের হালনাগাদ তথ্যাদি প্রতি মাসের এডিপি সভায় উপস্থাপন করা হচ্ছে। এ প্রেক্ষিতে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে দেশে উদ্ভাবিত/প্রস্তুতকৃত সহজে ব্যবহার উপযোগী ছোট/বড় যন্ত্রগুলো যেমন ব্রি মিনি কম্বাইন্ড হারভেস্টার নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এফএমপিএইচটি বিভাগ কর্তৃক উদ্ভাবিত/প্রস্তুতকৃত কৃষি যন্ত্রপাতি মাঠ পর্যায়ে দক্ষতার সহিত ব্যবহার করার লক্ষ্যে জাহাজ থেকে ভাল ম্যাটেরিয়াল সংগ্রহ করে উদ্ভাবিত যন্ত্রগুলোকে আরও মান সম্পন্ন করার প্রচেষ্টা অব্যাহত আছে বলে এফএমপিএইচটি বিভাগের বিজ্ঞানীগণ সভাকে জানান। এ প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় মিনি কম্বাইন্ড হারভেস্টারের ফাইন টিউনিংসহ অন্যান্য কার্যক্রম সম্পন্ন করে যন্ত্রের উন্নয়ন করার এবং উপযোগীতা পরীক্ষার তাগিদ প্রদান করেন। এ প্রসঙ্গে সভাপতি মহোদয় ভাল ম্যাটেরিয়াল সংগ্রহ করে উদ্ভাবিত যন্ত্রগুলোকে আরও মান সম্পন্ন করার লক্ষ্যে কার্যক্রম হাতে নিতে বিভাগীয় প্রধানসহ অন্যান্যদের নির্দেশ প্রদান করেন।

৪.৪ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর অধীনে বাস্তবায়নাধীন চলমান গবেষণা কর্মসূচি সমূহের সার্বিক অগ্রগতি নিয়ে আগামী ৩০/০৬/২০১৮ তারিখে অথবা সুবিধাজনক সময়ে একটি কর্মশালা আয়োজনের জন্য গবেষণা কার্যক্রমের পিআইগণ সভাকে জানান।

৪.৫ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট-এ বাস্তবায়নাধীন বিভিন্ন কর্মসূচি এবং গবেষণা কার্যক্রমসমূহের জন্য সরকারি এবং অন্যান্য দাতা সংস্থা থেকে বরাদ্দকৃত অর্থ যথাযথ আর্থিক শৃঙ্খলাবিধি এবং স্বচ্ছতার সহিত ব্যবহার হচ্ছে কিনা তা নিয়মিত মনিটর করতে মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন।

৪.৬ সিরাজগঞ্জে নতুন আঞ্চলিক কার্যালয়ের কার্যক্রম দ্রুত আরম্ভ করার জন্য প্রস্তাবিত বাসা ভাড়া অনুমোদনের খসড়া কপির অনুমোদন সাপেক্ষে আগামী ০১/০৭/২০১৮ তারিখ থেকে ৩০/০৬/২০১৯ পর্যন্ত ১ বছরের জন্য বাসা ভাড়া করা হবে এবং তা আগামী ০১/০৭/২০১৮ তারিখ থেকে অফিস হিসাবে ব্যবহৃত হবে বলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সভাকে জানান।

৫. ২০১৭-১৮ অর্থ বছরে বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব/অনুন্নয়ন কর্মসূচি ভিত্তিক গৃহীত কর্ম পরিকল্পনা ও সংগ্রহ পরিকল্পনা অনুযায়ী মে/১৮ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ-

এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পঃ

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের অধীনে ২০১৭-১৮ অর্থ বছরের আরএডিপি'তে ০২টি প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। মোট আরএডিপি বরাদ্দ ৯৩৪৭.০০ লক্ষ টাকা। যার মধ্যে জিওবি ৮০৬৫.০০ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ১২৮২.০০ লক্ষ টাকা। মে/১৮ পর্যন্ত ব্যয় হয়েছে ৪৪৩৫.৬৯ লক্ষ টাকা; যা বরাদ্দের ৪৭.৪৬% মাত্র। জিওবি বরাদ্দের ৩৯.১০% (৩১৫৩.৬৯ লক্ষ টাকা) এবং প্রকল্প সাহায্য ১০০% (১২৮২.০০ লক্ষ টাকা) মাত্র। গত অর্থবছরে মে/১৭ পর্যন্ত ব্যয় হয়েছিল ৭৮.৯২% (৩৭৫৫.৯৮ লক্ষ টাকা)। ২০১৭-১৮ অর্থবছরে ২টি প্রকল্পে মোট ৬৩টি দরপত্রের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সবগুলো দরপত্রই আহবান ও কার্যাদেশ প্রদান করা হয়েছে।

(ক) ২০১৭-১৮ অর্থ বছরে দরপত্র অগ্রগতিঃ

প্রকল্প/কর্মসূচির নাম	দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা		দরপত্র আহবান (সংখ্যায়)	কার্যাদেশ প্রদান (সংখ্যায়)
	সংখ্যায়	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)		
উন্নয়ন প্রকল্প				
১. বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ভৌত সুবিধাদি ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প	৬৩টি	৬৪৮০.৩৬	৬৩টি	৬৩টি
২. বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের হাইব্রিড ধান গবেষণা দক্ষতা বৃদ্ধি	-	-	-	-
মোট	৬৩টি	৬৪৮০.৩৬	৬৩টি	৬৩টি

(খ) ২০১৭-১৮ অর্থবছরে বাজেট বরাদ্দ ও অগ্রগতিঃ

প্রকল্প/কর্মসূচির নাম	মোট বরাদ্দ (জিওবি) (পিএ)	মোট অর্থ ছাড় (%) জিওবি (%) পিএ (%) মে/১৮ পর্যন্ত)	মে/১৮ পর্যন্ত অগ্রগতি	গত বছরের মে/২০১৭ পর্যন্ত সময়ে অগ্রগতি	মে/২০১৮ পর্যন্ত বাস্তব অগ্রগতি
			মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)	মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)	
১. উন্নয়ন প্রকল্প					
১.১ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ভৌত সুবিধাদি ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প	৭৭০০.০০ (৭৭০০.০০) (-)	৬৩৭৫.০০ (৭৫.০০) ৬৩৭৫.০০ (৭৫.০০) -	২৮৭৯.৩৪ (৩৭.৩৯) ২৮৭৯.৩৪ (৩৭.৩৯) -	১৫০০.০০ (৬৫.২২) ১৫০০.০০ (৬৫.২২) -	৯০%
১.২ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের হাইব্রিড ধান গবেষণা দক্ষতা বৃদ্ধি প্রকল্প	১৬৪৭.০০ (৩৬৫.০০) (১২৮২.০০)	১৬৪৭.০০ (১০০.০০) ৩৬৫.০০ (১০০.০০) ১২৮২.০০ (১০০.০০)	১৫৫৬.৩৫ (৯৪.৪৯) ২৭৪.৩৫ (৭৫.১৬) ১২৮২.০০ (১০০.০০)	১৪৯০.০১ (৯১.৪১) ১৬০.০১ (৫৩.৩৪) ১৩৩০.০০ (১০০.০০)	৯৯%
উপমোট = ২টি প্রকল্প	৯৩৪৭.০০ (৮০৬৫.০০) (১২৮২.০০)	৮০২২.০০ (৮৫.৮২) ৬৭৪০.০০ (৮৩.৫৭) ১২৮২.০০ (১০০.০০)	৪৪৩৫.৬৯ (৪৭.৪৬) ৩১৫৩.৬৯ (৩৯.১০) ১২৮২.০০ (১০০.০০)	৩৭৫৫.৯৮ (৭৮.৯২) ১৯৩১.০১ (৬৫.৮১) ১৮২৪.৯৭ (৯৯.৯৯)	-
২. উন্নয়ন কর্মসূচি					
২.১ পাহাড়ী অঞ্চলে নেরিকাসহ অন্যান্য উন্নত ধানের জাতের গ্রহণযোগ্যতা ও লাভজনকতা	২৯.০০ (২৯.০০) (-)	২৯.০০ (১০০.০০) ২৯.০০ (১০০.০০) (-)	১৫.০০ (৫১.৭২) ১৫.০০ (৫১.৭২) (-)		৫৫%

নির্ধারণ কর্মসূচি (মোট বরাদ্দ- ১৫৪.০০ লক্ষ টাকা)					
২.২ মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকেল্পর চলমান গবেষণা কার্যক্রম জোরদারকরণ কর্মসূচি (মোট বরাদ্দ- ১১০.০০ লক্ষ টাকা)	৩৪.০০ (৩৪.০০) (-)	৩৪.০০ (১০০.০০) ৩৪.০০ (১০০.০০) (-)	২৯.০০ (৮৫.২৯) ২৯.০০ (৮৫.২৯) (-)		৯০%
২.৩ ধানের ফলন বৃদ্ধিতে পোকামাকড়ের পরিবেশ বান্ধব গবেষণা কার্যক্রম জোরদারকরণ কর্মসূচি (মোট বরাদ্দ- ৫৮০.২৫ লক্ষ টাকা)	১৩২.২০ (১৩২.২০) (-)	৯৯.১৫ (৭৫.০০) ৯৯.১৫ (৭৫.০০) (-)	৫১.৮৮ (৩৯.২৪) ৫১.৮৮ (৩৯.২৪) (-)		৬০%
২.৪ ব্রি'র কৃষিতত্ত্ব বিভাগের উন্নয়ন এবং গবেষণা শক্তিশালীকরণ কর্মসূচি (মোট বরাদ্দ- ৩৮৬.৭০ লক্ষ টাকা)	১৩৮.০০ (১৩৮.০০) (-)	১০৩.৫০ (৭৫.০০) ১০৩.৫০ (৭৫.০০) (-)	১.৯০ (১.৩৮) ১.৯০ (১.৩৮) (-)		৫%
উপমোট = ৪টি কর্মসূচি (মোট বরাদ্দ- ১২৩০.৯৫ লক্ষ টাকা)	৩৩৩.২০ (৩৩৩.২০) (-)	২৬৫.৬৫ (৭৯.৭৩) ২৬৫.৬৫ (৭৯.৭৩) (-)	৯৭.৭৮ (২৯.৩৪) ৯৭.৭৮ (২৯.৩৪) (-)		
৩. রাজস্ব বাজেট					
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট	১০৭১৯.৩০ (১০৭১৯.৩০) (-)	৭৮২৮.৯০ (৭৩.০৩) ৭৮২৮.৯০ (৭৩.০৩) -	৮১২৯.৪৫ (৭৫.৮৪) ৮১২৯.৪৫ (৭৫.৮৪) -	৭৭৬৭.১০ (৮১.২৮) ৭৭৬৭.১০ (৮১.২৮) -	৮২%
উপমোট	১০৭১৯.৩০ (১০৭১৯.৩০) (-)	৭৮২৮.৯০ (৭৩.০৩) ৭৮২৮.৯০ (৭৩.০৩) -	৮১২৯.৪৫ (৭৫.৮৪) ৮১২৯.৪৫ (৭৫.৮৪) -	৭৭৬৭.১০ (৮১.২৮) ৭৭৬৭.১০ (৮১.২৮) -	-
সর্বমোট (১+২+৩)	**২০৩১৯.৫০** **(১৯১১৭.৫৭)** **(১২৮২.০০)**	**১৫৯১২.৭৩** **(৭৮.৩১)** **১৪৬৩০.৭৩** **(৭৬.৫৩)** **১২৮২.০০** **(১০০.০০)**	**১২৬৬২.৯২** **(৬২.৩১)** **১১৩৮০.৯২** **(৫৯.৫৩)** **১২৮২.০০** **(১০০.০০)**	**১১৮৮১.৭৮** **(৮০.৬৩)** **১০০৫৬.৮১** **(৭৭.৯০)** **১৮২৪.৯৭ (৯৯.৯৭)**	-